বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO : 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

এমপিএসএস পরিদপ্তর
সদর দপ্তর ভবন,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
E-mail: mpssreb@yahoo.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০১৬.৪৭.০৪২.২৫. ৭১৫

তারিখঃ ২১ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ। / ০৪ মে, ২০২৫ খ্রিঃ।

# সার্কুলার

এমপিএসএস পরিদপ্তরের স্মারক নং- ২৭.১২.০০০০.০১৬.৪৭.০৪২.২৪.৯৩, তারিখ-১৮/০৮/২০২৪ খ্রিঃ মোতাবেক পবিস স্টোরে সার্ভিস ড্রপ (ডি-১১) এর মজুদ না থাকলে গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে গ্রাহক কর্তৃক নিজস্ব অর্থায়নে পরবর্তী নির্দেশনা জারী না হওয়া পর্যন্ত খোলা বাজার হতে নির্ধারিত স্পেসিফিকেশনের স্বনামধন্য ক্যাবল প্রস্তুতকারী প্রতিষ্ঠান হতে সার্ভিস ড্রপ ক্রয়ের মাধ্যমে গ্রাহক সংযোগ প্রদানের নির্দেশনা দেয়া হয়। এক্ষেত্রে সার্ভিস ড্রপ এর মূল্য প্রাথমিকভাবে গ্রাহক বহন করবে এবং পরবর্তীতে তা গ্রাহকের মাসিক বিলের সাথে সমন্বয় করার নির্দেশনা থাকলেও অনেকক্ষেত্রেই তা প্রতিপালিত হচ্ছে না।

বর্তমানে কেন্দ্রীয় পণ্যাগারসমূহের পবিস স্টোরে সার্ভিস ড্রপ (ডি-১১) পর্যাপ্ত পরিমাণে মজুদ রয়েছে এবং চলতি মাসের মধ্যে পর্যাপ্ত পরিমাণ সার্ভিস ড্রপ (ডি-১১) কেন্দ্রীয় পণ্যাগারসমূহে গ্রহণ করা হবে। এমতাবস্থায়, গ্রাহক সংযোগের নিমিত্তে পবিসসমূহ কর্তৃক অত্র পরিদপ্তরে চাহিদা প্রদান করে কেন্দ্রীয় পণ্যাগারসমূহ হতে সার্ভিস ড্রপ (ডি-১১) সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি সার্কুলার জারির তারিখ (অদ্য ০৫ মে, ২০২৫ খ্রি) হতে গ্রাহকের মাধ্যমে খোলা বাজার হতে সার্ভিস ড্রপ ক্রয় না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/০৫/২৫
(মোঃ শাহজাহান আলী)
পরিচালক

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১) সদস্য (প্রশাসন/অর্থ/ডিএন্ডও/পিএন্ডডি/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
২) প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ওএমএন্ডডি/পিএন্ডডি), বাপবিবো, ঢাকা।
৪) পরিচালক, এসইএন্ডডি/আইটি/সিস্টেম অপারেশন/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (সকল অঞ্চল), বাপবিবো, ঢাকা।
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো।
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন, সকল জোন, বাপবিবো।
৭) একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), সকল জোন, বাপবিবো।
৯) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস। → নির্দেশনাটি প্রতিপালন এবং পবিসের সকল গ্রাহকদের নিকট প্রচারের অনুরোধ সহ।

০৪.০৫.২৫
(দেওয়ান মোঃ জানিবুল হক)
উপ-পরিচালক

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
প্রাপ্তি নং- ৮০৯৩ প্রাপ্তি তারিখঃ- ৪/৫/২৫
ডিজিএম (কারিগরী/ত্রিশাল/মাওনা/শ্রীপুর/গফরগাঁও/জামিরদিয়া)
এজিএম (ওএন্ডএম)-বাটাজোর/কাওরাইদ/সাব জোন
এজিএম (অর্থ-হিসাব)/রাজস্ব/এম.এস/প্রশাসন/এইচআর/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি
প্রয়োজনীয় ব্যবস্থা নিন/আলোচনা করুন/মাঠ তদন্ত করে রিপোর্ট দিন
০৪.০৫.২৫